উন্নয়নের জন্য শেখ হাসিনার সরকারের বিকল্প নেই : এমপি হাবিবুর রহমান

চেম্বার ডেস্ক :: সিলেট -৩ আসনের সংসদ সদস্য হাবিবুর রহমান হাবিব বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়নে তাঁরই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাজ করছেন। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে শেখ হাসিনা সরকারের বিকল্প নেই।

তিনি শনিবার দক্ষিণ সুরমা উপজেলার লালাবাজারে প্রায় ৩০ লক্ষ টাকা ব্যয়ে পুলিশ ব্যারাক -লালারগাঁও সড়ক উন্নয়ন কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

এ সময় উপস্থিত ছিলেন সিলেট জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফারুক আহমদ, উপপ্রচার সম্পাদক জেলা পরিষদ সদস্য মতিউর রহমান মতি, দক্ষিণ সুরমা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাইফুল আলম, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাজ্জাক হোসেন, সাবেক সাংগঠনিক সম্পাদক মো . বদরুল ইসলাম, সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক বশির মিয়া, তেতলি ইউনিয়ন আওয়ামী লীগের ভারপাপ্ত সভাপতি আজম আলী, সাধারণ সম্পাদক আব্দুল বাসিত রানা, সহ সভাপতি আতিকুর রহমান আতিক, সদস্য নুরুজ্জামান, জেলা কৃষক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জাহেদ আলী, জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি শাহিন আলী, তেতলী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আসাদুল ইসলাম লাবলু, ফরহাদ আহমদ প্রমুখ।